বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখ: ১১ জুন ২০১৫
২৮ জ্যৈষ্ঠ ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

**Women Entrepreneur's Dedicated Desk/Help Desk স্থাপন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

সম্প্রতি কিছু ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের সাথে আলাপকালে জানা যায় যে, কোন কোন ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান কেবল নারী কর্মকর্তার সমন্বয়ে Women Entrepreneur's Dedicated Desk/Help Desk গঠিত হবে এমন ভ্রান্ত ধারণা এবং নারী কর্মকর্তার অপর্যাপ্ততার কারণে তাঁদের সকল শাখায় উক্ত Dedicated Desk/Help Desk স্থাপনে কালক্ষেপণ করছে। বিষয়টি পুনরায় স্পষ্টীকরণের লক্ষ্যে ২০১০ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রচারিত "ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা ও কর্মসূচি" এর ২ নং অনুচ্ছেদের সংশ্লিষ্ট অংশটি উদ্ধৃত করা হল ঃ

"প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আবশ্যিকভাবে স্বতন্ত্র 'Women Entrepreneur's Dedicated Desk' স্থাপন ও তাতে প্রয়োজনীয় উপযুক্ত জনবল নিয়োগ করে তাদেরকে এসএমই খাতে অর্থায়নে সহায়ক ও প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং উক্ত 'Dedicated Desk' এর প্রধান হিসেবে সম্ভব হলে 'নারী কর্মকর্তা' নিয়োগ করবে।"

উক্ত নীতিমালা থেকে স্পষ্টতঃ অনুধাবনীয় যে, Women Entrepreneur's Dedicated Desk/Help Desk-এ পুরুষ কর্মকর্তা বহাল করা যাবে; তবে নারী কর্মকর্তা বহালের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। অতএব, উক্ত নীতিমালার আলোকে অনতিবিলম্বে আপনার প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় Women Entrepreneur's Dedicated Desk/Help Desk স্থাপনপূর্বক অত্র বিভাগকে অবহিত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২